দৈনিক বাংলা

তারিখ ........
পৃষ্ঠা ........ কলাম ........

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাথমিক শিক্ষা অধিদফতর
বাংলাদেশ, ঢাকা।

# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

## (শুধুমাত্র সহকারী শিক্ষিকা পদের জন্য)

স্মারক নং ১-আর-১৩ (নিয়োগ)/৮৮-প্রাই (অংশ-৩)/১৪২৭৯

তারিখ ঃ ১৫-১১-৯২ইং / ০১-০৮-৯৯বাং

চলতি বৎসরে (১৯৯২ সালের) ১৮-০৪-৯২ইং তারিখের 'বাংলাদেশ টাইমস', 'দৈনিক বাংলা', 'দৈনিক সংগ্রাম', ১৯-০৪-৯২ইং তারিখের 'দৈনিক দিনকাল', ২০-০৪-৯২ইং তারিখের 'দৈনিক সংবাদ', ২৩-০৪-৯২ইং তারিখের 'দৈনিক ইনকিলাব' এবং ২৮-০৪-৯২ইং তারিখের 'দৈনিক ইত্তেফাক' পত্রিকায় দেশের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য প্রাথমিক শিক্ষা অধিদফতরের ১৩-০৪-৯২ইং তারিখের ১-আর-১৩ (নিয়োগ)/৮৮-প্রাই (অংশ-৩)/৬৮৬৯নং স্মারকে যে বিজ্ঞপ্তি প্রকাশিত হইয়াছে সেই নিয়োগ বিজ্ঞপ্তির সহকারী শিক্ষক পদে শুধুমাত্র মহিলা প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা সংশোধনক্রমে নিম্নরূপভাবে প্রতিস্থাপিত করা হইল ঃ

(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ।

অথবা

(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ।

অথবা

(গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

(বিঃ দ্রঃ সমমানের ব্যাখ্যার জন্য শর্তাবলী 'ছ' দ্রষ্টব্য)

উপরে বর্ণিত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের মধ্য হইতে শুধুমাত্র 'খ' ক্যাটেগরীর মহিলা প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। এই ক্যাটেগরীর (অর্থাৎ 'খ' ক্যাটেগরী) যে সকল মহিলা প্রার্থিগণ পূর্বে দরখাস্ত করিয়াছেন তাহাদের নতুন করিয়া দরখাস্ত করিবার প্রয়োজন নাই।

উপরে বর্ণিত 'ক' ও 'গ' ক্যাটেগরী এবং অন্য যে কোন ক্যাটেগরীর প্রার্থী/প্রার্থিনীদের দরখাস্ত করিবার কোন অবকাশ নাই। যদি কেহ দরখাস্ত করেন তবে তাহা গ্রহণযোগ্য হইবে না।

প্রসঙ্গত উল্লেখ্য, মূল বিজ্ঞপ্তির আলোকে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক পদে যে সকল দরখাস্তকারিগণকে (পুরুষ ও মহিলা উভয়ই) ইতিমধ্যে ইন্টারভিউ কার্ড ইস্যু করা হইয়াছে তাহা যথারীতি বহাল থাকিবে।

এখন অত্র সংশোধিত বিজ্ঞপ্তির আলোকে বাংলাদেশের রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলা ব্যতীত অন্যান্য সকল জেলার শুধুমাত্র প্রকৃত মহিলা নাগরিকদের নিকট হইতে সহকারী শিক্ষিকা পদের জন্য নিম্নোক্ত শর্তে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাইতেছে।

**শর্তাবলী ঃ**

(ক) আবেদনকারিণীকে সাদা কাগজে নিম্নোক্ত 'ছক' পূর্ণ নাম স্বাক্ষরসহ স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখিত দুই কপি (মূল ও ডুপ্লিকেট উভয় কপি স্বহস্তে লিখিত হইতে হইবে) দরখাস্তে প্রার্থীর নিজ জেলার (যে জেলার স্থায়ী অধিবাসী) জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে সম্বোধন করতঃ তাহার কার্যালয়ের ঠিকানায় নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে। কোনক্রমেই দরখাস্ত মহাপরিচালক সমীপে অধিদফতরের প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাইবে না।

"দরখাস্তের 'ছক' (নমুনা)"

প্রার্থিনীর রোল নং ........

(জেলা অফিস পূরণ করিবে)

(১) পদের নাম ........
(২) প্রার্থিনীর পূর্ণ নাম (বাংলায়) ........
(ইংরেজীতে) ........
(এসএসসি সার্টিফিকেট অনুযায়ী)
(৩) পিতা/স্বামীর নাম ........
(৪) প্রার্থিনীর স্থায়ী ঠিকানা ঃ গ্রাম/মহল্লা ........ ডাকঘর ........
থানা ........ জেলা ........
(৫) যোগাযোগের ঠিকানা ........
(৬) জন্ম তারিখ (এসএসসি সার্টিফিকেট অনুযায়ী) ........
(৭) বয়স (২১-০৫-৯২ইং তারিখে) ........ বৎসর ........ মাস ........ দিন
(৮) মহিলা (লিখুন) ........
(৯) বৈবাহিক অবস্থা (লিখুন) ........
(অবিবাহিত/বিবাহিত/বিধবা/তালাকপ্রাপ্ত/বিপত্নীক)
(১০) স্বামীর স্থায়ী ঠিকানা ঃ গ্রাম/মহল্লা ........ ডাকঘর ........
(বিবাহিত মহিলাগণ যদি স্বামীর স্থায়ী উপজেলায় নিয়োগ পাইতে ইচ্ছুক হন সে ক্ষেত্রে) থানা ........ জেলা ........
(১১) নিম্নে উল্লিখিত বিশেষ কোটায় নিয়োগের জন্য ইচ্ছুক হইলে যে কোন একটিতে টিক (√) চিহ্ন দিন ঃ
(ক) মুক্তিযোদ্ধা ঃ ☐
(খ) এতিম ঃ ☐
(গ) উপজাতি ঃ ☐
(ঘ) আনসার/ভিডিপি ঃ ☐
(ঙ) পোষ্য ঃ ☐
(১২) পোষ্য হইলে ঃ
(ক) সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের নাম (যে শিক্ষকের পোষ্য) ঃ ........
(খ) প্রার্থিনীর সহিত উক্ত শিক্ষকের সম্পর্ক ঃ ........
(১৩) শিক্ষাগত যোগ্যতা ঃ
(এসএসসি হইতে ক্রমানুসারে)

| ক্রমিক নং | পরীক্ষার নাম | বিভাগ/শ্রেণী | পাসের বৎসর | মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে কোন স্তরে বাংলা ও ইংরেজী ছিল তাহা উল্লেখ করিতে হইবে (মার্কশীটের সত্যায়িত কপিসহ) | বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

(১৪) প্রশিক্ষণপ্রাপ্ত হইলে তাহার বিবরণ ঃ ........
(১৫) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের নং. ঃ ........ তারিখ ........
ইস্যুকারী ব্যাংকের নাম ও ঠিকানা ঃ ........

........
(প্রার্থীর পূর্ণ নাম স্বাক্ষর ও তারিখ)।

(খ) প্রার্থিনী দুই কপি দরখাস্ত প্রয়োজনীয় সনদপত্র (সার্টিফিকেট)সহ সরাসরি হাতে হাতে অথবা ডাকযোগে ০৭-১২-৯২ইং/২৩-০৮-৯৯বাং তারিখ সোমবার বিকাল ৪-০০টার মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং মহানগরীর ক্ষেত্রেও সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট পৌঁছাইতে হইবে। 'সংশ্লিষ্ট' বলিতে প্রার্থিনীর পিতা/স্বামীর স্থায়ী ঠিকানায় উল্লিখিত জেলার নাম বুঝাইবে। উক্ত সময়সীমার পর কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না। নির্ধারিত সময়সীমার পর প্রাপ্ত দরখাস্তসমূহ সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। ঢাকা মহানগরী ও ঢাকা জেলার অনেক প্রার্থিনীই ঢাকা জেলা প্রাথমিক শিক্ষা অফিসের ঠিকানা জ্ঞাত নহেন বিধায় ঢাকা মহানগরীসহ ঢাকা জেলার প্রার্থিনীগণ নিম্নে বর্ণিত জেলা প্রাথমিক শিক্ষা অফিস-এর ঠিকানায় তাহাদের দরখাস্ত পৌঁছাইবেন ঃ—

জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ঢাকা
২৭/২৯, রিং রোড, শ্যামলী, ঢাকা-১২০৭।

(গ) দরখাস্তের এক কপির শীর্ষে 'মূলকপি' এবং অপরটির শীর্ষে 'ডুপ্লিকেট কপি' লাল কালিতে স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। মূলকপির সহিত নিম্নোক্ত সনদপত্র (সার্টিফিকেট)সমূহের ১টি করিয়া অনুলিপি সংযোজন করিতে হইবে। সকল সনদপত্র ও ফটো সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

সনদপত্রসমূহ ঃ

(১) বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপিসহ শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার সনদপত্র (সার্টিফিকেট)-এর সত্যায়িত কপি। শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত টেস্টিমোনিয়াল গ্রহণযোগ্য হইবে না।
(২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ফটো।
(৩) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
(৪) 'মুক্তিযোদ্ধা' প্রার্থিনীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধা সনদপত্র।
(৫) 'এতিম' প্রার্থিনীর ক্ষেত্রে সংশ্লিষ্ট এতিমখানা/শিশু সদন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(৬) 'পোষ্য' প্রার্থিনীর ক্ষেত্রে সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসার কর্তৃক প্রদত্ত পোষ্য সনদপত্র।
(৭) আনসার/ভিডিপি প্রার্থিনীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা এ্যাডজুট্যান্ট বা সমপর্যায়ের বিভাগীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(৮) 'উপজাতীয়' প্রার্থিনীর ক্ষেত্রে সংশ্লিষ্ট থানা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত 'উপজাতীয়' বিষয়ক সনদপত্র।

(ঘ) প্রার্থিনীদেরকে পরীক্ষার ফিস বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) যে কোন তফসিলী ব্যাংক হইতে সেই ব্যাংকের ঢাকা শহরের যে কোন শাখার বরাবরে "কেন্দ্রীয় নির্বাচন কমিটির চেয়ারম্যান ও মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা"-এর অনুকূলে দরখাস্তের মূলকপি সঙ্গে গাঁথিয়া দিতে হইবে। উল্লেখ্য, পোস্টাল অর্ডার গ্রহণ করা হইবে না।

(ঙ) ২১-০৫-৯২ইং/০৭-০২-৯৯বাং তারিখে প্রার্থিনীর বয়স ১৮ বৎসর হইতে ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে 'মুক্তিযোদ্ধা' প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

(চ) চাকুরিরত প্রার্থিনীদেরকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে দরখাস্ত পৌঁছাইতে হইবে। দরখাস্তের কোন অগ্রিম কপি গ্রহণ করা হইবে না।

(ছ) আবেদনকারিণীদের জ্ঞাতার্থে সাধারণ শিক্ষার সহিত মাদ্রাসা শিক্ষার সমমানের ব্যাখ্যা নিম্নে প্রদত্ত হইল ঃ
(১) এসএসসি-এর সমমান ঃ ১৯৮৭-এর পূর্বের আলীম এবং ১৯৮৫ হইতে দাখিল।
(২) এইচএসসি-এর সমমান ঃ ১৯৮৯-এর পূর্বের ফাজিল এবং ১৯৮৭ হইতে আলীম।
(৩) স্নাতক-এর সমমান ঃ ১৯৯০-এর পূর্বের কামিল (যাহারা আলীম ও ফাজিল পর্যায়ে বাংলা ও ইংরেজী নিয়া পাস করিয়াছেন) এবং ১৯৯০ হইতে কামিল পাস।

(জ) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ৬০% মহিলা কোটাসহ সরকারী বিধি মোতাবেক অন্যান্য কোটা সংরক্ষণ করা হইবে।

(ঝ) ভুয়া তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল করা হইবে।

(ঞ) প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবল যোগ্য প্রার্থীদেরকে সংশ্লিষ্ট শহরে অথবা মহানগরী এলাকায় নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে। তজ্জন্য যথাসময়ে 'প্রবেশপত্র' ইস্যু করা হইবে।

(ট) লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হইবে না।

(ঠ) প্রাপ্ত দরখাস্তের সহিত দাখিলকৃত কোন কিছুই ফেরত দেওয়া হইবে না।

(ড) এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ দরখাস্তকারিণীকে পরীক্ষা গ্রহণ করিতে কিংবা প্রার্থিনীকে নিয়োগ প্রদান করিতে বাধ্য থাকিবে না।

(ঢ) প্রত্যেক প্রার্থিনীকে খামের উপর পদের ও থানার নাম অবশ্যই উল্লেখ করিতে হইবে। 'মুক্তিযোদ্ধা', 'এতিম', 'উপজাতি', 'পোষ্য' ও 'আনসার/ভিডিপি' হিসাবে আবেদনকৃত প্রার্থিনীদের ক্ষেত্রে খামের ডানপার্শ্বে 'মুক্তিযোদ্ধা', 'এতিম', 'উপজাতি', 'পোষ্য', 'আনসার/ভিডিপি' কথাটি লিখিতে হইবে।

(ণ) নির্বাচিত প্রার্থিনীকে তাহার নিজ স্থায়ী থানার (মহানগরীর) যে কোন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নিয়োগ প্রদান করার ক্ষমতা সরকার সংরক্ষণ করেন।

(ত) চট্টগ্রাম জেলার 'সন্দ্বীপ' থানা এবং যশোর জেলার 'কেশবপুর' থানা এই দুই থানার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা পদে নিয়োগ সংক্রান্ত ব্যাপারে আদালতে মামলা চলিতেছে। এমতাবস্থায়, বর্ণিত থানা দুইটির ইচ্ছুক প্রার্থিনীগণ দরখাস্ত করিতে পারিবেন। তবে সংশ্লিষ্ট মামলার চূড়ান্ত রায় না হওয়া পর্যন্ত প্রার্থিনীদের নিয়োগ সংক্রান্ত চূড়ান্ত কার্যক্রম স্থগিত থাকিবে। ৪ (চার)টি মহানগরীর প্রত্যেকটির অন্যান্য থানার মত ১টি ইউনিট ধরিয়া শূন্য পদের বিপরীতে প্রার্থিনী নির্বাচন করা হইবে।

(থ) সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাইতেছে যে, সাধারণভাবে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের যে থানায় নিয়োগ দেওয়া হইবে পরবর্তীতে সেই থানার বাহিরে তাহাদের চাকরি বদলীযোগ্য বলিয়া গণ্য হইবে না।

(দ) সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানান যাইতেছে যে, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক পদের নির্বাচনের জন্য লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচী যথাসময়ে জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানাইয়া দেওয়া হইবে।

(আজিজ আহমদ চৌধুরী)
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদফতর, বাংলাদেশ, ঢাকা।

ডিএফপি(স)-২০০২৭-১৮/১১
জি-৬৮৬৪